গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**প্রধানমন্ত্রীর কার্যালয়**

পুরাতন সংসদ ভবন, ঢাকা।

পত্র সংখ্যা ০৩.০০.০০০০.০০০.০৭৯.৯৯.০০০১.২৬- ৩২৭

তারিখ ১৫ শ্রাবণ ১৪৩৩
৩০ জুলাই ২০২৬

**বিষয়: প্রধানমন্ত্রীর কার্যালয়ের কর্মকর্তাদের পরিচয় ব্যবহার করে প্রতারণামূলক কর্মকাণ্ড সম্পর্কে সতর্কীকরণ।**

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, অসাধু একটি চক্র প্রধানমন্ত্রীর মুখ্য সচিব এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের অন্যান্য কর্মকর্তাদের নাম, পদবি ও পরিচয় ব্যবহার করে ভুয়া (Fake) ভিজিটিং কার্ড তৈরি, মোবাইল নম্বর ক্লোন/স্পুফিং করে এবং বিভিন্ন মাধ্যমে যোগাযোগ করে প্রতারণামূলক কর্মকাণ্ড পরিচালনার অপচেষ্টা চালাচ্ছে। কোনো কোনো ক্ষেত্রে সরকারি কর্মকর্তা, বিভিন্ন প্রতিষ্ঠান এবং সাধারণ নাগরিকদের নিকট হতে অর্থ সুবিধা বা অন্যান্য অনৈতিক সুবিধা প্রাপ্তির চেষ্টা করা হচ্ছে বলে বিভিন্ন মাধ্যমে জানা গেছে।

০২। এ ধরনের কর্মকাণ্ড সম্পূর্ণ প্রতারণামূলক এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের সঙ্গে এর কোনো সম্পৃক্ততা নেই।

০৩। এমতাবস্থায়, এ ধরনের ফোনকল, বার্তা, ভিজিটিং কার্ড বা অন্য কোনো পরিচয়পত্রের ভিত্তিতে কোনো প্রকার আর্থিক বা প্রশাসনিক কার্যক্রম গ্রহণ না করার জন্য এবং প্রয়োজনবোধে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে পরিচয় ও তথ্য যাচাই করার জন্য অনুরোধ করা হলো।

০৪। একইসঙ্গে, বিষয়টি অধীনস্থ দপ্তর/সংস্থা এবং সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে অবহিত করে প্রয়োজনীয় সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩০.০৭.২০২৬
ফরিদা ইয়াছমিন
পরিচালক-১২
ফোন: ৫৫০২৯৪৩২
ই-মেইল: dir12@pmo.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. মন্ত্রিপরিষদ সচিব/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা;
০২. সিনিয়র সচিব/সচিব, খাদ্য ........ মন্ত্রণালয়/বিভাগ;
০৩. মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা;
০৪. মহাপরিচালক, এসএসএফ, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা;
০৫. মহাপরিচালক, ডিজিএফআই, ঢাকা সেনানিবাস, ঢাকা;
০৬. প্রধানমন্ত্রীর সামরিক সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা;
০৭. প্রধানমন্ত্রীর প্রেস সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
০৮. অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক, বিশেষ শাখা (এসবি), বাংলাদেশ পুলিশ, মালিবাগ, ঢাকা;
০৯. প্রধানমন্ত্রীর একান্ত সচিব- ১/২, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা;
১০. মহাপরিচালক (সকল), প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা;
১১. পরিচালক (সকল), প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
১২. অফিস কপি/গার্ড ফাইল।